দৈনিক আমাদের সময়

তারিখ : 03 NOV 2017
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...



# পাঠ্যপুস্তক থেকে উৎপাটন করতে হবে সাম্প্রদায়িকতা

—রাশেদা কে চৌধুরী

নিজস্ব প্রতিবেদক ●
সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা এবং গণসাক্ষরতা অভিযানের নির্বাহী পরিচালক রাশেদা কে চৌধুরী বলেছেন, আমাদের পাঠ্যপুস্তক থেকে এখনো সাম্প্রদায়িকতার বিষবৃক্ষ উৎপাটন করা যায়নি। ২০১৮ সালের পাঠ্যপুস্তকে তেঁতুল হুজুরের প্রেসক্রিপশন অন্তর্ভুক্তি দুঃখজনক।

গতকাল দুপুরে জাতীয় প্রেস ক্লাবের কনফারেন্স লাউঞ্জে সম্মিলিত সামাজিক আন্দোলনের চতুর্থ সম্মেলনের প্রাক্কালে সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন।

রাশেদা কে চৌধুরী বলেন, সাম্প্রদায়িকতা ও জঙ্গিবাদের বিষবাষ্প আমাদের শিশু শিক্ষার্থীদের মনে ঢুকিয়ে দেওয়া হচ্ছে। আমাদের শিশুদের, শিক্ষার্থীদের মনের মধ্যে আমরা মুক্তিযুদ্ধের চেতনাটা রাখতে চাই, সাম্প্রদায়িকতার বিষবৃক্ষ নয়।

রোহিঙ্গাদের নিয়ে সাম্প্রদায়িকতার প্রকট আশঙ্কা প্রকাশ করে সুলতানা কামাল বলেন, এখনই রুখে দাঁড়াতে না পারলে ভয়াবহ অবস্থা সৃষ্টি হবে। ’৭৫-পরবর্তী সময়ে যেভাবে ক্রমে ক্রমে প্রতিটি ক্ষেত্রে সাম্প্রদায়িক, রক্ষণশীল জঙ্গিবাদী শক্তি ঢুকে গেছে, ঠিক সেভাবে যে জায়গাগুলো অবশিষ্ট আছে, সেখানেও সাম্প্রদায়িকতা ঢুকবে।